

উসূলে ফিক্কহ (ফিক্কহের মূলনীতি)

বিভাগ/অধ্যায়ঃ ইজতেহাদ (الاجتهاد)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

ইজতিহাদ করার শর্তাবলী (شروط الاجتهاد)

ইজতিহাদ করার জন্য বেশ কিছু শর্ত রয়েছে।

- (১) ইজতিহাদের ক্ষেত্রে প্রয়োজনীয় শারঈ জ্ঞান জানা। যেমন: বিধি-বিধান সম্বলিত আয়াত ও হাদীছ সমূহ জানা।
- (২) হাদীছের বিশুদ্ধতা ও দুর্বলতা সংশ্লিষ্ট জ্ঞান জানা থাকা। যেমন: সনদ, রিজাল প্রভৃতি সম্পর্কে জানা।
- (৩) নাসেখ, মানসুখ ও ইজমা সংঘটিত হওয়ার স্থান সম্পর্কে জানা। যাতে করে ইজমা বিরোধী অথবা মানসুখ দলীল অনুযায়ী কোন হুকুম না দেন।
- (৪) যে সব দলীলের মাধ্যমে হুকুম ভিন্ন হয়ে যায়, তা জানা। যেমন: خاص করা। শর্তযুক্ত করা প্রভৃতি। যাতে করে এদের দাবি বিরোধী কোন হুকুম না দেন।
- (৫) অভিধান ও উসুলে ফিরুহের মধ্যে যেগুলি শব্দের মর্মার্থের সাথে সংশ্লিষ্ট তা জানা থাকা। যেমন: عام، خاص، خاص পভৃতি। যাতে এদের মর্মার্থের দাবি অনুসারে হুকুম দিতে পারেন।
- (৬) দলীল থেকে বিধি-বিধান বের করার যোগ্যতা থাকা।

ইজতিহাদ খণ্ডিত হয়। তাই ইজতিহাদ ইলমের যে কোন একটি অধ্যায় কিংবা যে কোন একটি মাসআলায় হতে পারে।[1]

ফুটনোট

[1] যদি কোন ব্যক্তির শরীয়াতের সামগ্রিক জ্ঞান না থাকে, কিন্তু কোন একটি মাসআলায় তার ভালো দখল থাকে, মাসআলা সংশ্লিষ্ট যাবতীয় দলীল-প্রমাণাদি তার কাছে থাকে তবে সে ব্যক্তি উক্ত বিষয়ে ইজতেহাদ করার জন্য যোগ্য বিবেচিত হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9471

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন